



রূপগঞ্জে ফ্রান্সপ্রবাসীর ২৬ লাখ ৮০ হাজার টাকা ছিনতাই



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে মাসুম মোল্লা নামে এক ফ্রান্সপ্রবাসীর ২৬ লাখ ৮০ হাজার টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। রোববার (১৮ অক্টোবর) দুপুরে ঢাকা-সিলেট মহাসড়কের আধুরিয়া এলাকায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগীর শ্বশুর বরকত উল্লাহ জানান, জমি রেজিস্ট্রির জন্য রোববার বেলা সাড়ে ১১টার দিকে ভুলতায় ঢাকা ব্যাংক থেকে ১১ লাখ এবং ইসলামী ব্যাংক থেকে ১৫ লাখ ৮০ হাজার টাকা তোলেন তিনি। পরে টাকাগুলো জামাতা মাসুমের কাছে দেন।

মোটরসাইকেলে করে টাকাভর্তি ব্যাগ নিয়ে করাটিয়ার বাড়িতে ফেরার পথে দুপুর ১২টা ৫ মিনিটের দিকে আধুরিয়া এলাকায় পৌঁছালে একটি সাদা প্রাইভেটকারে আসা তিন থেকে চারজন তাঁর পথরোধ করেন। তাঁরা ব্যাগটি ছিনিয়ে নিয়ে মাসুমকে মোটরসাইকেলসহ সড়কে ফেলে পালিয়ে যান। এতে শরীরের বিভিন্ন স্থানে আঘাত পান তিনি।

মাসুম মোল্লা করাটিয়া এলাকার রিয়াজ উদ্দিনের ছেলে। এ ঘটনায় বরকত উল্লাহ রূপগঞ্জ থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। পুলিশ ছিনতাইকারীদের শনাক্ত ও টাকা উদ্ধারের চেষ্টা চালানোর আশ্বাস দিয়েছে বলে জানান তিনি।

এ বিষয়ে নারায়ণগঞ্জের সিনিয়র সহকারী পুলিশ সুপার মেহেদী হাসান বলেন, “এ বিষয়ে আমরা সংবাদ পেয়েছি। ঘটনাটি খতিয়ে দেখে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”